



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

নিয়োগ বিজ্ঞপ্তি

নং-রেজি/প্রশা(টিচিং)/২০১৮-১৯/০৫

তারিখ : ০৫-০৫-২০১৯

নিম্নলিখিত পদসমূহ পূরণের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে :-

বিভাগ	পদের নাম	পদের সংখ্যা
১। ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগ	স্থায়ী সহযোগী অধ্যাপক	১টি
	অস্থায়ী প্রভাষক	৩টি
২। মার্কেটিং বিভাগ	স্থায়ী প্রভাষক	৩টি
৩। আইন ও বিচার বিভাগ	অস্থায়ী সহকারী অধ্যাপক/প্রভাষক	১টি
	অস্থায়ী প্রভাষক	২টি

জাতীয় বেতন স্কেলে বেতনক্রম :

সহযোগী অধ্যাপক : ৫০,০০০-৭১,২০০/-

সহকারী অধ্যাপক : ৩৫,৫০০-৬৭,০১০/-

প্রভাষক : ২২,০০০-৫৩,০৬০/-

শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা :

সহযোগী অধ্যাপক : প্রার্থীর এস.এস.সি. ও এইচ.এস.সি. উভয় ক্ষেত্রে সনাতন পদ্ধতিতে ১ম বিভাগ ও গ্রেডিং পদ্ধতিতে বিজ্ঞান ও বাণিজ্য শাখায় জিপিএ ৪.২৫(৫.০০ স্কেলে) থাকতে হবে। ম্যানেজমেন্ট স্টাডিজ বিষয়ে স্নাতক (সম্মান)/সমমান ও স্নাতকোত্তর/সমমান উভয় পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ১ম শ্রেণি ও গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ৩.৬০ (৪.০০ স্কেলে) থাকতে হবে। এবং

কমপক্ষে ১০(দশ) বছরের শিক্ষাদান/পেশাগত অভিজ্ঞতা তন্মধ্যে সহকারী অধ্যাপক হিসেবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ম্যানেজমেন্ট স্টাডিজ বিষয়ে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের শিক্ষাদান অভিজ্ঞতাসহ উচ্চ একাডেমিক ডিসটিঙ্শন থাকতে হবে এবং অনুমোদিত জার্নালে মৌলিক প্রকাশনা/স্বীকৃত উচ্চমানের প্রকাশনা থাকতে হবে।

সহকারী অধ্যাপক : প্রার্থীর এস.এস.সি. ও এইচ.এস.সি. উভয় ক্ষেত্রে সনাতন পদ্ধতিতে ১ম বিভাগ ও গ্রেডিং পদ্ধতিতে বিজ্ঞান ও বাণিজ্য শাখায় জিপিএ ৪.২৫(৫.০০ স্কেলে) এবং মানবিক শাখায় জিপিএ ৪.০০(৫.০০ স্কেলে) থাকতে হবে। আবেদনকারীদের আইন ও বিচার বিষয়ে স্নাতক (সম্মান)/সমমান ও স্নাতকোত্তর/সমমান উভয় পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ১ম শ্রেণি ও গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ৩.৬০ (৪.০০ স্কেলে) থাকতে হবে থাকতে হবে। এবং

(ক) প্রার্থীদের কমপক্ষে ৪(চার) বছরের শিক্ষাদান/পেশাগত অভিজ্ঞতা তন্মধ্যে ডিগ্রী, অনার্স এবং/অথবা পোস্ট গ্র্যাজুয়েট পর্যায়ে প্রভাষক হিসেবে ২(দুই) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা এবং স্বীকৃত জার্নালে গবেষণা কাজের প্রকাশনা/স্বীকৃত উচ্চমানের প্রকাশনা থাকতে হবে; অথবা

(খ) এম. ফিল. অথবা সমমানের ডিগ্রী এবং প্রভাষক হিসেবে এক বছরের শিক্ষকতার অভিজ্ঞতাসহ স্বীকৃত জার্নালে গবেষণা কাজের প্রকাশনা/স্বীকৃত উচ্চমানের প্রকাশনা থাকতে হবে; অথবা

(গ) পি-এইচ.ডি অথবা সমমানের ডিগ্রী/বিদেশী পদ্ধতিতে সমমানের কৃতি প্রার্থীদের সহকারী অধ্যাপক পদে সরাসরি নিয়োগের জন্য বিবেচনা করা হবে।

প্রভাষক : প্রার্থীর এস.এস.সি. ও এইচ.এস.সি. উভয় ক্ষেত্রে সনাতন পদ্ধতিতে ১ম বিভাগ ও গ্রেডিং পদ্ধতিতে বিজ্ঞান ও বাণিজ্য শাখায় জিপিএ ৪.২৫(৫.০০ স্কেলে) থাকতে হবে। আবেদনকারীদের ম্যানেজমেন্ট স্টাডিজ/মার্কেটিং/আইন ও বিচার বিষয়ে স্নাতক (সম্মান)/সমমান ও স্নাতকোত্তর/সমমান উভয় পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ১ম শ্রেণি ও গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ৩.৬০ (৪.০০ স্কেলে) থাকতে হবে।

বি.দ্র.: ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগে প্রভাষক পদে ৩১-০৩-২০১৯ তারিখের বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে যারা আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

এই বিশ্ববিদ্যালয়ে অস্থায়ীভাবে নিয়োজিত শিক্ষকদের ক্ষেত্রে উপরোক্ত ন্যূনতম শিক্ষাগত যোগ্যতার শর্ত প্রযোজ্য হবে না।

প্রার্থীদের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। সহযোগী অধ্যাপক পদে ১০(দশ) এবং সহকারী অধ্যাপক ও প্রভাষক পদের জন্য ৭(সাত) সেট আবেদনের প্রতি সেটের সাথে শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, নম্বরপত্র, গবেষণামূলক প্রকাশনার কপি ও অভিজ্ঞতার প্রমাণপত্রের সত্যায়িত অনুলিপি দিতে হবে।

দরখাস্তের সাথে ২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি এবং রেজিস্ট্রারের অনুকূলে অগ্রণী ব্যাংকের যে কোন শাখা থেকে ৬০০/- (ছয়শত) টাকার ব্যাংক ড্রাফট অথবা অগ্রণী ব্যাংক লিঃ জাবি শাখার সি.ডি.-৬৮ একাউন্টে ৬০০/- (ছয়শত) টাকা জমাদানের রশিদ সংযুক্ত করতে হবে। জমাকৃত টাকা/ড্রাফট ফেরৎযোগ্য নয়।

বেতন নির্ধারণের ক্ষেত্রে জাতীয় বেতন স্কেলের নীতিমালা অনুসরণ করা হবে। চাকরির প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। আগ্রহী প্রার্থীগণ অফিস চলাকালীন (সকাল ৮-৩০ থেকে বিকেল ৪-০০ টা পর্যন্ত) নিম্নস্বাক্ষরকারীর অফিস থেকে উল্লিখিত পদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও

অভিজ্ঞতার তথ্যাদি এবং আবেদন ফরম সংগ্রহ করতে পারবেন। ওয়েবসাইট www.juniv.edu থেকেও উক্ত ফরম সংগ্রহ করা যাবে। অসম্পূর্ণ দরখাস্ত বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্র জমাদানের শেষ তারিখ : সহযোগী অধ্যাপক পদে আবেদনের শেষ তারিখ ২৬-০৫-২০১৯ এবং সহকারী অধ্যাপক ও প্রভাষক পদে আবেদনের শেষ তারিখ ২০-০৫-২০১৯।

বি.দ্র.: ২৬-০৫-২০১৯ তারিখ অফিস বন্ধ থাকলেও আবেদনপত্র সংগ্রহ এবং জমা দেয়া যাবে।

স্বাক্ষর/-রেজিস্ট্রার